

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর 'পতঙ্গ' রচনাটিতে রূপকের আড়ালে জীবন-সত্যের পরিচয় ফুটে উঠেছে। — আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে প্রাবন্ধিক মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের সপক্ষে যে মতামত দিয়েছেন তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১০

- ২। (ক) "চিত্র এবং সঙ্গীতই সাহিত্যের প্রধান উপকরণ।" — আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'উপন্যাস ও সমাজবাস্তবতা' প্রবন্ধে প্রাবন্ধিক উপন্যাসে সমাজবাস্তবতার স্বরূপ সম্পর্কে যে মতামত ব্যক্ত করেছেন সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

- ৩। (ক) 'ছিন্নপত্র'-এর পাঠ্য চিঠিগুলির সঙ্গে রবীন্দ্রনাথের লেখা সমকালীন গল্পের যোগসূত্র আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'ছিন্নপত্র' গ্রন্থে প্রকৃতি কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো। ১০

- ৪। (ক) 'বিড়াল' প্রবন্ধে প্রাবন্ধিকের সাম্যবাদী মানসিকতার যে পরিচয় পাওয়া যায়, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে ভারতের ভাষা সমস্যা সমাধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তা নিজের ভাষায় লেখো। ৫

- ৫। (ক) "জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।" — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে মূল সমস্যার মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসুর ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) ‘ছিন্নপত্র’-এর ১০ সংখ্যক পত্রের মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

অথবা,

(খ) ‘ছিন্নপত্র’কে চিঠি না বলে ডায়ারিও বলা যেতে পারে। — আলোচনা করো। ৫

৭। (ক) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থের কমলাকান্তের পরিচয় দাও। ৫

অথবা,

(খ) “মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।” — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(গ) “কিন্তু ওদের মধ্যে একটি মেয়ে আছে, তার প্রতিই আমার মনোযোগটা সর্বাপেক্ষা আকৃষ্ট হচ্ছে।” — কোন পত্রের অংশ? রবীন্দ্রনাথের ওই মেয়েটির প্রতি মমত্ববোধের কারণ কী? ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(খ) ‘আমার মন’ রচনাটি কোন পত্রিকায় কোন সংখ্যায় প্রকাশিত হয়?

(গ) ‘ছিন্নপত্র’-এর অধিকাংশ পত্র কাকে লেখা?

(ঘ) “আমার এই দরিদ্র চাষী প্রজাগুলোকে দেখলে আমার ভারি মায়া করে।” — কত সংখ্যক পত্রের অংশ?

(ঙ) “বোট-লক্ষ্মী বোটে ফিরলেন” — ‘বোট-লক্ষ্মী’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(চ) রবীন্দ্রনাথের ‘সাহিত্য’ গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ছ) “আত্মার বিকাশই সাধনার লক্ষ্য” — কোন প্রবন্ধের অংশ?

(জ) ‘সংস্কৃতির সামাজিক দূরত্ব’ প্রবন্ধটির লেখক কে?

(ঝ) বেলজিয়াম কত সালে স্বতন্ত্র রাষ্ট্রের প্রতিষ্ঠা পায়?

(ঞ) ‘শিক্ষা ও বিজ্ঞান’ প্রবন্ধে যে দু’টি প্রাচীন শিক্ষাকেন্দ্রের উল্লেখ আছে তার নাম লেখো।

(ট) ‘পাশ্চাত্য ও প্রাচ্য সমালোচনার ধারা’ প্রবন্ধের লেখক কে?

(ঠ) “চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুণে দোষী” — কোন প্রবন্ধের অংশ? বক্তা কে?

(ড) “একটি ছোটো অভিমानी মেয়েকে আমার কল্পনারাজ্যে অবতারণা করা গেছে।” — কার কথা এখানে বলা হয়েছে?

(ঢ) বুদ্ধদেব বসু রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষার ‘প্রথম মৌলিক কবি’ হিসেবে কাকে চিহ্নিত করেছেন?

(ণ) আখতারুজ্জামান ইলিয়াসের ‘উপন্যাস ও সমাজবাস্তবতা’ প্রবন্ধে উল্লেখিত দু’জন সাহিত্যিকের নাম লেখো।